কলকাতা, ১৭জুলাই (হি.স): শুক্রবার প্রকাশিত হয়েছে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল কারোনা আবহেে এবছর পাশের হার নজিরবিহীন। রেকর্ড সংখ্যক ছাত্রছাত্রী পাাস করেছে এ বছর। য়েহেতু এবছর উচ্চমাধ্যমিকের সকল পরীক্ষা সম্পন্ন হয়নি তাই মেধা তালিকা প্রকাশ করবে না বলে জানিয়ে দিয়েছে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ। এদিকে ফল প্রকাশের কিছুক্ষণ পরেই পরীক্ষার্থীদের নম্বরের হিসেবে একটি সস্তাব্য মেধাতালিকা ঘুরে বেড়াচ্ছে সোশ্যাল সাইটে। এই মেধা তালিকায় অনুযায়ী তৃতীয়স্থান অধিকারী পর্যন্ত নাম প্রকাশ করা হয়েছে কৃতীদের। দেশা গেছে প্রথম থেকে তৃতীয় স্থান অধিকারী দের মধ্যে রয়েছে মোট ২৮ জন ছাত্র ছাত্রী। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের তরফে জানানো হয়েছে কোনরকম মেধাতালিকা তারা প্রকাশ করেননি। তালিকায় নাম হিসেবে ৪৯৯ পেয়ে সস্তাব্য প্রথম হয়েছে, য়োতন্ত্রী রায় (শাখাওয়ারা মেমোরিয়াল গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, কলকাতা), গৌরব মণ্ডল (বড়জোড়া হাইস্কুল, বাঁকুড়া), অর্পণ মণ্ডল (কেদুরাড়িহই হাইস্কুল,বাঁকুড়া), একা বন্দ্যোপাধ্যায় (হেগালি কলেজিয়েট স্কুল,হুগলি)। সস্তাব্য দ্বিতীয়: গৌরব মাইতি (যোধপুর পার্ক বয়েজ হাইস্কুল, কলকাতা), নীলাঞ্ছ দাস (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়,দক্ষিণ ২৪ পরগনা), সের্বোধী চক্রবর্তী (বেনগা হাইস্কুল,উত্তর ২৪ পরগনা), জয় মণ্ডল (রাইগঞ্জ করোনেশন হাইস্কুল, উত্তর দিনাজপুর), রিয়া দত্ত (ওন্দা হাইস্কুল, বাঁকুড়া), সৌনিক সাহা (নব নালন্দা শান্তিনিকেতন হাইস্কুল, বীরভূম), মহম্মদ তালহা (মুক্তারপুর হাইস্কুল, হুগলি), সৌগত সরকার (বালুরঘাট হাইস্কুল, দক্ষিণ দিনাজপুর), অনীক জানা (রামকৃষ্ণ মিশন বিদ্যাভবন, পশ্চিম মেদিনীপুর)।এদের সকলের প্রাপ্ত নম্বর ৪৯৮। সস্তাব্য তৃতীয়: ৈসকত দাস (নব নালন্দা হাইস্কুল,কলকাতা), রাহুল মজুমদার (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়, দক্ষিণ ২৪ পরগনা), শরণ্যা ঘোষ (বর্ধমান বিদ্যার্থী ভবন গার্লস হাইস্কুল,পূর্ব বর্ধমান), শীর্ষেদু সাহা (সোতরািঘিয়া হাইস্কুল,পূর্ব বর্ধমান), সায়নী মহাপাত্র (কাজলাগ্রাম এম এস বি সি এম হাইস্কুল, পূর্ব মেদিনীপুর), মীরা দেবশর্মা (ভরপপুর এন কে হাইস্কুল, উত্তর দিনাজপুর), শিলা দৎ (ওন্দা হাইস্কুল,বাঁকুড়া), রূপ সিনহাবাণ্য (শিমলাপাল মানন স্মোেন হাইস্কুল, বাঁকুড়া), দৌ দাসমোহান্ত (শিমলাপাল মদন স্মোেন হাইস্কুল, বাঁকুড়া), সায়ন চক্রবর্তী (ছাংজোবা হাইস্কুল, বাঁকুড়া), স্বরঞ্জিৎ ধর (টুঁচড়া শেখবন্ধু মেমোরিয়াল হাইস্কুল, হুগলি), তপোধীপ ঘোষ (ভান্তারা জরেনশ্বর হাইস্কুল, হুগলি), প্রথম সাহা চৌধুরী ( শ্রী অরবিন্দ বিদ্যানন্দির,হুগলি), দিব্যজ্যোতি ভট্টাচার্য (বালুরঘাট হাইস্কুল, দক্ষিণ দিনাজপুর), তানিশা বসাক (বালুরঘাট ললিত মোহন আর্দ্র উচ্চ বিদ্যালয়, দক্ষিণ দিনাজপুর) এরা সকলেই পেয়েছে ৪৯৭ নম্বর।

### শহীদ দিবস পালনের প্রস্তুতি নিচ্ছে

### জেলা তৃণমূল কংগ্রেসের নেতাকর্মীরা

ঝাড়গ্রাম, ১৭ জুলাই ( হি.স.) : এবার করোনা পরিস্থিতিতে ২১ জুলাই এর শহীদ সভামঞ্চের হাজির থাকতে পারবেন না ঝাজ্গাম জেলা তৃণমুলের নেতাকর্মীরা সমর্থকেরা। তবে জেলার প্রতিটি ব্লক, অঞ্চল এমনকি বুথে বুথে যাতে যাতে পালনে কোনও ত্রুটি না হয় তার জন্য জেলা জুড়ে জোর কদমে প্রস্তুতি নিচ্ছে জেলা তৃণমূল কংগ্রেসের নেতাকর্মীরা।

শুক্রবার ঝাজ্গাম জেলার লালগড়ে এক প্রস্তুতি মিটিং ও মিছিল করল জেলা তৃণমুলের নেতাকর্মীরা। এদিনের মিটিং ও মিছিলে নেতৃত্ব দেন ঝাজ্গাম জেলা যুব তৃণমুলের সভাপতি দেবনাথ হাঁসদা। এদিন প্রথমে লালগড় গালপ হাইস্কুলে তৃণমুলের নেতাকর্মীদের নিয়ে মিটিং করলে পরে লালগড় বাজার এলাকায় মিছিল করেন। এদিনের এই কর্মসূচিতে দেবনাথ বাবু দলীয় কর্মীদের উদ্দেশ্য বলেন এই দিন যাতে প্রতিটি অঞ্চল ও, বুথে, ব্লকে দলীয় কর্মীরা ভাড়াইাল মাধ্যমে রাজের মুখামন্ত্রীর ব্যবস্থা গুনেতে পারেন তার ব্যবস্থা করা হবে।ফোন বা টিভির মাধ্যমে যাতে দলীয় কর্মীরা গুনেতে পারেন তার ব্যবস্থা করার কথা বলেছেন। এদিনের এই দুটি কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিনপূর এক ব্লকে (লালগড়) এর ব্রক সভাপতি শামাল মাহাত, পঞ্চায়ত সমিতির সভাপতি পরিতোষ মাহাত সহ একাধিক তৃণমুলের নেতাকর্মীরা এবিষয়ে ঝাড়গ্রাম জেলা যুব তৃণমুলের সভাপতি দেবনাথ হাঁসদা বলেন “ এদিন একুশে জুলাইয়ের ভাড়াইাল সভার প্রস্তুতি কর্মসূচি ছিল লালগড়ে একটি সভা এবং পরে মিছিল হয়।ওই দিন প্রতিটি ব্লকে,অঞ্চলে, বুথে,শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হবে।দলীয় কর্মীরা যাতে দিদির বক্তব্য গুনেতে পান তার ব্যবস্থা করা হবে।’ হিন্দুস্থান সমাচার/ গোপেশ

<b>জরুরী পরিষেবা</b> <div></div>
<b>হাসপাতাল<span> </span>:</b> <b>জিবি<span> </span>:</b> ২৩৫-৫৮৮ <b> আইজিএম<span> </span>:</b> ২৩২-৫৩৬৩, <b>টি এম সি<span> </span>:</b> ২৩৭ ০৫০৪ <b> চক্ষুব্যাঙ্ক<span> </span>:</b> ৯৪৩৬৪৯২৮০০ <b> অ্যাম্বুলেন্স<span> </span>:</b> একতা সংস্থা <span> </span> : ৯৭৭৯৯৮৯৯৬ রু লোটাস ক্লাব <span> </span> : ৯৪৩৬৫৬৮২৫৬, <b>শিবনগর অর্দার ক্লাব<span> </span>:</b> ও আমরা তরুণ দল <span> </span> : ২৫১-৯৯০০, <b>সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয়<span> </span>:</b> ৭৬৪২৮৪৪৬৫৬ <b> রিলিভাস<span> </span>:</b> ৯৮৬২৭৬৪২৮ <b> কার্গেল টৌমুহনী যুব সংস্থা<span> </span>:</b> ৯৮৬২৫০১১৬/ <b>সহেতি ক্লাব<span> </span>:</b> ৮৭৯৯১ ৬৮৮২১, <b>অনীক ক্লাব<span> </span>:</b> ৯৪৩৬৪৮৭৪৮০, ৯৪৩৬৪৬৪০১, <b>রামকৃষ্ণ ক্লাব<span> </span>:</b> ৮৭৯৪১৬৮৮১ <b> শতদল সংঘ<span> </span>:</b> ৯৮৬২৯৯৮৮০, <b>প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়ার)<span> </span>:</b> ৯৭৭৪১১৬৬২৪, <b>রেডক্রস সোসাইটি<span> </span>:</b> ২৩১-৯৬৮৮, <b>টিআরটিসি<span> </span>:</b> ২৩২৫৬৮৫, <b>এগিয়ে চলো সংঘ<span> </span>:</b> ৯৪৩৬১২৯৮৮, <b>লালবাহাদুর দাতব্য চিকিৎসালয়<span> </span>:</b> ৯৪৩৬৫০৮৬৯৯, ৯৪৩৬১২১৮৮, <b>মানব ফৌজেশ্বন<span> </span>:</b> ২৩২৬১০০ <b> টাইভল লাইন<span> </span>:</b> ১০৯৮ <b> মেট্রেক্স<span> </span>:</b> ২৪ <b>ফন্টা)। ব্লাড ব্যাঙ্ক<span> </span>:</b> <b>জিবি<span> </span>:</b> ২৩৫-৬২৮৮ <b>(পি বি এন্ড), আইজিএম<span> </span>:</b> ২৩২-৫৭৩৬, <b>আই এল এস<span> </span>:</b> ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ <b>কসমোপলিটন ক্লাব<span> </span>:</b> ৯৮৫৫৩ ৩৩৭৭৬, <b>শববাহী যান<span> </span>:</b> <b>নব অঙ্গীকার</b> ৮৭৯৪১৪৪১১, <b>সেন্ট্রাল রোড যুব সংস্থা<span> </span>:</b> ৭৬৪২৮৪৪৬৬৬ <b>বটভলা নাগেরজলা স্ট্যাড ডেভেলাপমেন্ট সোসাইটি<span> </span>:</b> ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩০৫, ৯৮৬২৭৬৪২৩, <b>সমাজ কল্যাণ ক্লাব<span> </span>:</b> ৯৭৭৪৬৭০২৪২, <b>সংযোগ সংঘ<span> </span>:</b> ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, <b>রু লোটাস ক্লাব<span> </span>:</b> ৯৪৩৬৫৬৮২৫৬, <b>ত্রিপুরা ট্রাক ওনার্‌স সিঙ্ক্রেন্ট<span> </span>:</b> ২৩৮-৫৮৫২, <b>ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন<span> </span>:</b> ২৩৮-৬৪২৬, <b>রিলিভাস<span> </span>:</b> ৮৮৩৭০৫৯৫৯৮, <b>কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন<span> </span>:</b> ৮৯৭৪৫১৮১০, <b>ত্রিপুরা ন্যায়মূল্যের দোকান পরিচালক সমিতি<span> </span>:</b> ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৪০৬৪৪, <b>সৃষ্ণ তোরণ ক্লাব (দুর্গা টৌমুহনী)<span> </span>:</b> ৮৭২৯৯১১২৩৬, <b>আগরক ক্লাব<span> </span>:</b> ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৯১৮৯১, <b>ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন<span> </span>:</b> ৮২৫৬৯৯৭ <b>ফায়ার সার্ভিস<span> </span>:</b> প্রধান স্টেশন <span> </span> : ২৩৫/২৩২-৫৬৩০, <b>বাধারঘাট<span> </span>:</b> ১০১/২৩৭-৪৩৩৩, <b>কুঞ্জবন<span> </span>:</b> ২০৫-৩১০১, <b>মহারাাজগঞ্জ বাজার<span> </span>:</b> ২৩৮ ৩১০১ <b>পুলিশ<span> </span>:</b> পশ্চিম থানা <span> </span> : ২৩২-৫৭৩৫, পূর্ব থানা <span> </span> : ২৩২-৫৭৭৪, <b>আমরঙ্গী থানা<span> </span>:</b> ২৩৭-০০৫৮, <b>এয়ারপোর্ট থানা<span> </span>:</b> ২৩৪-২২৫৮, <b>সিটি কন্ডোল<span> </span>:</b> ২৩৭-৫৭৮৪, <b>বিদ্যুৎ<span> </span>:</b> <b>বনমালীপুর<span> </span>:</b> ২৩২-৬৬৪০, <b>৩০৬২১০।</b> <b>দুর্গা টৌমুহনী<span> </span>:</b> ২৩২-০৭৩০, <b>জিবি<span> </span>:</b> ২৩৫-৬৪৪৮। <b>বড়দোয়ালী<span> </span>:</b> ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ <b>আইজিএম<span> </span>:</b> ২৩২-৬৪৪৫। <b>বিমানবন্দর এয়ার ইন্ডিয়া<span> </span>:</b> ২৩৪১৯০২, ২৩৪-২০২৩, <b>এয়ার ইন্ডিয়া টেল গ্রিন নম্বর<span> </span>:</b> ১৮৬০-২৩৩-১০০৭, ১৮০০-১৮০-১৪০৭, <b>ইউবিএ<span> </span>:</b> ২৩৪-১২৩৬, <b>স্পাইস জেট<span> </span>:</b> ২৩৪-১৭৭৮, <b>রেল সার্ভিস<span> </span>:</b> <b>রিজার্ভেশন<span> </span>:</b> ২৩২-৫৫৩৩ <b>আন্তর্জাতিক বাস সার্ভিস<span> </span>:</b> <b>টি আর টি সি বিসিঙ্ক<span> </span>:</b> ২৩২-৫৬৮৫। <b>আগরতলা রেলস্টেশন<span> </span>:</b> ০৩৮১-২৩৭৪৫১।

## নির্বাচিত বিধায়করাও এখানে সুরক্ষিত নয় : দিপীপ ঘোষ

ঝাজ্গাম, ১৭ জুলাই ( হি.স.) : পশ্চিমবঙ্গের যা অবস্থা হয়েছে জল নাকের উপর দিয়ে চলে যাচ্ছে। মুভার মিছিল চলছে। নির্বাচিত বিধায়করাও এখানে সুরক্ষিত নয়। এই সরকার যতদিন থাকবে জীবনহানি ঘটেবে। বাংলার সংস্কৃতি নষ্ট হবে, আইন শৃঙ্খলা শুরু করে নৈতিকতা নষ্ট হয়ে যাচ্ছে। চারিদিকে হিংসার ছেয়ে গেছে। শুক্রবার বিকелеে ঝাজ্গাম শহরের বিজেপির পার্টি অফিসে এসে বিজেপির বিধায়ক, কর্মীসমর্থক খুনের প্রসঙ্গ তুলে তৃণমূলকে কটাক্ষ করলেন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। এদিন তিনি বৃথ পুনগঠনের জন্য যে কাজ চলছে তা দেখার জন্য মূলত ঝাজ্গামে এসেছিলেন।

দিলীপবাবু সাংবাদিক সম্মেলনে বলেন, বিজেপি সব কিছু শুরু করেন ব্যকিরা অনুকরণ করেন। এই লক ডাউনে প্রায় চারমাস ধরে বাড়িতে বন্দি আছি। প্রধানমন্ত্রী বলেছেন বাড়িতে থাকুন সুস্থ থাকুন। আমরা উনার কথা শুনে নিয়ম মেনে বাড়িতে ছিলাম। সাংগঠনিক কাজ কিছু করিনি। লক ডাউনে মানুষের সেবা করেছি। আর যেটুকু সভা হয়েছে ভাড়াটুয়াল এবং ভিডিও কন্ফারেন্সের মাধ্যমে হয়েছে। এই পরিস্থিতিতে আমি আমাদের কর্মীরা কেমন আছেন তাদের সাথে দেখা সাক্ষাৎ করার জন্য বেরিয়েছি। এর আগে আমি যখন বেরিয়েছিলাম আমাকে পুলিশ আটকেছিল। এই পরিস্থিতিতেও ওরা আমাদের কর্মীদেরকে মারধর করছে। আর আমাদের উপর কেস দিচ্ছে। বৃথ পুনগঠনের জন্য প্রধানমন্ত্রী চিঠি নিয়ে পরিবারে পরিবারে আমাদের কর্মীরা যাচ্ছেন। সেই কাজ কতটা প্রগতি হল সেটার দেখার জন্য এসেছি। জঙ্গলমহলে আদিবাসী, মাহাত বলে অন্যান্য জাতিদেরকে বিভাজন করা হচ্ছে এই প্রশ্নের উত্তরে তিনি সশব্দ বিজেপি বিভাজনের রাজনীতি করে না। আমরা সামাজিক সংগঠন গুলির সাথে দেখা করি কিন্তু বলি না ঝাড়া নিয়ে আসতে হবে। তৃণমূল তাদেরকে ঘাড় ধরে বাহিরে দাঁচকরাচ্ছে। এই ভাবে বিভাজন হয়েছে। আমরা সমন্বয় বিকাশ করি সংঘর্ষে নয়। আর আদিবাসী সমাজের সব চেয়ে বেশি সশব্দ বা বিধায়ক বিজেপির রয়েছে। আমাদের সশব্দকে এখানে প্রশাসন কাজ করতে দেওয়া হচ্ছে না। যাতে লোকে বুঝবে বিজেপি কিছু কাজ করেনি বলে। তবে প্রশাসনের উচিত নিরপেক্ষ থাকা। সাধারণ মানুষের উন্নয়নের টাকা খরচ কাজে উচিত। যদি না হয়ে আমরা রাস্তায় বাসবেই।

## সংক্রমণ রুখতে দিনহাটায় ৭ দিনের সম্পূর্ণ লকডাউন

কোচবিহার, ১৭ জুলাই (হি.স.) : কোচবিহারের দিনহাটায় করোনো পজিটিভের সংখ্যা ক্রমশ বেড়ে চলায় শুক্রবার দুপুরের পর থেকে ৭ দিনের সম্পূর্ণ লকডাউন ঘোষণা করল প্রশাসন। দিনহাটার মহকুমাস্বিক শেখ আনসার আহমমেদ বলেন, ‘দিনহাটা শহর ও দিনহাটা-২ ব্লকে করোনো সংক্রমণের হার ক্রমশ বেড়ে চলায় লকডাউন ঘোষণা করা হয়েছে। তবে জরুরি পরিষেবা লকডাউনের আওতার বাইরে থাকবে। জানা গেছে, শনিবার থেকে দিনহাটা শহরে করোনো পজিটিভ রোগীর সংখ্যা বাড়তে থাকে। শহরের গোসানিরোডে একটি বাড়িতে কাকা ও ভাইপোর শরীরে সংক্রমণ ধরা পড়ে। এদের মধ্যে ১ জন কাপড় ব্যবসায়ী, অপরজন মিলি্ট ব্যবসায়ী। সম্ভাব্যর এই মিলি্ট ব্যবসায়ীর মা’র শরীরে সংক্রমণ ধরা পড়ে। পাশাপাশি বৃহস্পতিরর রাতে এক বেসরকারি ব্যান্ডের নিরাপত্তারক্ষীর শরীরে সংক্রমণ ধরা পড়ায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। এছাড়া গত কয়েকদিনে দিনহাটা-২ ব্লকে ৮০ জনের শরীরে সংক্রমণ ধরা পড়ায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। এরপর বুধবার এলাকার বিধায়ক তথা দিনহাটা পৌরসভার প্রশাসক উদয়ন গুহ বিভিন্ন ক্লাব সংগঠনকে নিয়ে বৈঠক করে শুক্রবার দুপুরের পর থেকে ৭ দিনের সম্পূর্ণ লকডাউন ঘোষণা করা হয়। বিষয়টি নিয়ে শুক্রবার সকালে বৈঠকে বসে প্রশাসন। এরপর দিনহাটা শহরের পাশাপাশি দিনহাটা-২ ব্লকেও লকডাউন ঘোষণা করে মহকুমা প্রশাসন।

## কোচবিহার জেলাপ্রশাসনের ৫ শীর্ষ আধিকারিক ও কর্মীর শরীরে সংক্রমণ, বন্ধ কার্যালয়

কোচবিহার, ১৭ জুলাই (হি.স.) : কোচবিহার জেলাপ্রশাসনের ৫ শীর্ষ আধিকারিক ও কর্মীর শরীরে সংক্রমণের খবর আসতেই বন্ধ করে দেওয়া হল কোচবিহার জেলাশাসকের কার্যালয়। পাশাপাশি শুক্রবার সংক্রমণ মুক্ত করা হয় ওই কার্যালয়টিকে। তবে, আক্রান্তদের কোনও উপসর্গ না থাকায় তাদের বাড়িতেই আইসোলেশনে আছে।

কোচবিহারের জেলাশাসক পবন কাদিয়ান বলেন, ‘আজ ৮ জনের শরীরে সংক্রমণ ধরা পড়েছে। এদের মধ্যে ৫ জন আধিকারিক ও ৩ জন কর্মী। এরা সকলে কোভিড ডিউটিতে কর্মরত ছিলেন’। মালদায় উর্ধ্বমুখী করোনো সংক্রমণের গ্রাফ, নতুন করে আক্রান্ত ৮৪ জন মালদা, ১৭ জুলাই (হি.স.) : মালদায় জেলায় উর্ধ্বমুখী হচ্ছে করোনো সংক্রমণের গ্রাফ। গত ২৪ ঘণ্টায় জেলায় নতুন করে করোনায় আক্রান্ত হয়েছে ৮৪ জন। সংক্রমিতদের মধ্যে রয়েছেন অতিরিক্ত জেলাশাসক (ভূমি ও ভূমি সংস্কার), জেলা প্রশাসনের একজন ডেপুটি ম্যাজিস্ট্রেট, মানিকচকের বিডিও, এমনকী মালদা মেডিকেলের অতিরিক্ত সুপার ও তাঁর পরিবারের তিন সদস্যও। সব মিলিয়ে ক্রমশ উর্ধ্বমুখী হচ্ছে জেলার করোনো সংক্রমণের গ্রাফ। এই পরিস্থিতিতে শুক্রবার থেকে মালদার দুই পৌর এলাকায় বন্ধ করে দেওয়া হয়েছে বাজার-হাট । বন্ধ নিতপ্রয়োজনীয় সামগ্রীর দোকানও মূলত মালদা শহরে ক্রতগতিতে ছাড়াচ্ছে সংক্রমণ। সব মিলিয়ে জেলায় এ’পর্যন্ত করোনো সংক্রমণের সংখ্যা বেড়ে ১৪৪৭। এর মধ্যে মালদা শহরেই সংক্রমণের সংখ্যা প্রায় ৪০০। অন্যদিকে, এই পরিস্থিতিতে হাঙ্গামাতালে জায়গা দেওয়া যাচ্ছে না সংক্রমিতদের। জেলার হেমাটিউশিনাল আইসোলেশন সেন্টারগুলিকে ভরতি । তাই গুরুতর অসুস্থ ছাড়া প্রত্যেককে হোম আইসোলেশনে থাকতে বলা হচ্ছে। এছাড়াও, উপসর্গ নেই এমন কারণের সোয়াবের মেডিকেল পরীক্ষার করা নেওয়া হচ্ছে না। এমনকী, অল্প উপসর্গ থাকলেও নেউকেলের ফ্লু-কর্নার থেকেই ওষুধ দিয়ে ছেড়ে দেওয়া হচ্ছে। জুরে হয়েছে এমন অনেকেই মেডিকেকে পরীক্ষা করাতে গিয়ে ফিরে এসেছেন বলেও অভিযোগ। এ’বিষয়ে যদিও মেডিকেল কর্তৃপক্ষের ওন্দা, তারা সরকারি নির্দেশ মেনেই কাজ করছে। সংক্রমণ রোধে একই থেকে তিনিদের জন্য বন্ধ করে দেওয়া হল জেলার দুই পৌর এলাকার সবজি বাজার, নিতাপ্রয়োজনীয় সামগ্রীর দোকানও।

## লকডাউনেই বাঁকুড়া থেকে সোনামুখী বৈদ্যুতিকরণের কাজ শেষ, চলবে ট্রেন

কলকাতা, ১৭ জুলাই (হি.স.) : লকডাউনে বৈদ্যুতিকরণের কাজ দ্রুততার সঙ্গে শেষ করল দক্ষিণ-পূর্ব রেল। বাঁকুড়া থেকে সোনামুখী মোট ৭১ কিলোমিটার এই কাজ শেষ হওয়ার পর শনিবার তা খতিয়ে দেখবেন রেলের সফটি কর্মিগনানার।

আগে শাখাটি ছিল ন্যারো গেজের। বাঁকুড়া-মোদার রেল (বিডিআর) তখন এতটাই অসুবিধার ছিল যে যাত্রীরা এই বিডিআরকে বলতেন, বড় দুঃখের রেল। তৎকালীন বাঁকুড়ার সাংসদ ও রেলের বহু বছরের স্ট্যাণ্ডিং কমিটির চেয়ারম্যান বাণেশ্বর আচার্য্যার তৎপরতায় ১৯৯৮ সালে তা ব্রডগেজ রূপান্তরিত হয়। বাঁকুড়া থেকে সোনামুখী ২০০৫ সালে মুখী থেকে রাইনগর ২০০৮ সালে যাত্রীদের জন্য ব্রডগেজ লাইন খুলে দেওয়া হয়। ওই শাখা বর্ধমানের মশাগ্রাম পর্যন্ত সম্প্রসারিত করা হচ্ছে।

বাঁকুড়া-মশাগ্রামের ১১৮ কিলোমিটার বৈদ্যুতিকরণের কাজের জন্য ১৬.৫.৪৫ কোটি টাকার প্রকল্প নেওয়া হয়েছে। তার মধ্যে সোনামুখী পর্যন্ত কাজ হয়ে গিয়েছে। মশাগ্রাম পর্যন্ত ট্রেন চললে মাকে সাহানপুর রোড থেকে আরাববাণ-শেওড়াযুল্মি শাখা যুক্ত হবে। ফলে কামারপুকুর, জয়রামবাটির মতো পর্যটনস্থলগুলির সঙ্গে বাঁকুড়া যুক্ত হবে।

## মূল্যবৃদ্ধি ঃ উদ্বৈগ প্রকাশ এসইউসিআই’র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ জুলাই** : মালিক শ্রেণী ইচ্ছাকৃত সৃষ্টি করা মূল্য বৃদ্ধি বিরুদ্ধে রুখে দাঁড়াতো জনগণের প্রতি আহ্বান জানিয়েছে এসইউসিআই সংগঠনের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ। আজ এক বিবৃতিতে জানিয়েছেন, দীর্ঘ দিন লকডাউনের ফলে এবং কেজ্র ও রাজা সরকারগুলির উদাশীনতার কারণে খাদ্য সামগ্রী ও অত্যাবশীকীয় সামগ্রীর দাম বেড়ে চলেছে। এর বিরুদ্ধে জনগণকে একীবদ্ধ লাড়াইয়ের আহ্বান জানিয়েছেন তিনি।

## বেহাল রাস্তা সারানোর দাবীতে, বিডিও অফিস ঘেরাও গ্রামবাসীদের

দুর্গাপুর, ১৭ জুলাই(হি.স.): দীর্ঘদিন ধরে বেহাল রাস্তা। থানাখন্দে ভর্তি। বেহাল রাস্তা সংস্কারের দাবীতে বিডিও অফিস ঘেরাও করল গ্রামবাসীরা। ঘটনাকে ঘিরে উত্তেজনা ছড়াল বৃন্দপুরে গলসী-১ নং বিডিও অফিসে। ঘটনায় জানা গেছে, গলসী-১ নং প্রকল্প মানকর স্টেশন থেকে কেঁদইপুর পর্যন্ত রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল। মোরাম না পড়ায় কাদামাটি উপচে পড়ছে। চলতি বর্ষায় চলাফেরার অযোগ্য হয়ে পড়েছে। রাস্তার ওপর ২-৩ টি গ্রাম যেমন রয়েছে। তেমনই মানকর স্টেশন আসা-যাওয়ার একমাত্র রাস্তা নুরকোনা, সীমনোড়, খাঁ-পাড়া, খামারগ্রাম সহ বেশ কিছু গ্রামের। চলতি বর্ষায় চলাফেরার অযোগ্য হয়ে পড়ছে। কেথাও একহাঁটুি গর্ভত জলাশয় হয়ে পড়ছে। আবার কোথায় কাদামাটি চলাফেরার অযোগ্য হয়ে পড়ছে। শুক্রবার ক্ষুদ্র গ্রামবাসীরা বৃন্দপুরে গলসী-১ নং বিডিও অফিস ঘেরাও করে। বিকোৎকরীরা জানান, ‘ওই রাস্তা দিয়ে মানকর হাসপাতাল, স্কুল, কলেজে পড়ুাদের আসা-যাওয়া করতে হবে। বিগত কয়েকবছর ধরে তেমন কোন সংস্কারের কাজ না হওয়ায় বেহাল হয়ে পড়েছে। বহুরার প্রশাসনের কাছে জানিয়েছি কাজ হয়নি।’ প্রায় দেড় ঘণ্টা পর প্রশাসনের আশ্বাসে ঘেরাও তোলে গ্রামবাসীরা। গলসী-১ নং পথঘায়েত সমিতির সহ-সভাপতি অনুপ চট্টোপাধ্যায় জানান, ‘রাস্তাটি সংস্কারের জন্য জেলা সাধারণ থেকে ৬ কোটি ২৫ লক্ষ টাকা অনুমোদন হয়েছে।

## এক

●**প্রথম পাতার পর**
পালিয়ে যেতে সক্ষম হয়। উল্লেখ্য আটক করা উগ্রপন্থী বাবা-একসময় এটিটিএফ এর সদস্য ছিল। বর্তমানে পুলিশ আটক উগ্রপন্থীকে তেলিয়ামুড়া থানায় এনে জিজ্ঞাসাবাদ চালিয়ে যাচ্ছে।

## হলেন ৪৯

●**প্রথম পাতার পর**
জেলায় ৩ জন।

আজ ৪৯ জন সুস্থ হয়ে বিভিন্ন কোভিড কেয়ার সেন্টার থেকে ছাড়া পেয়েছেন। রাজ্যে বর্তমানে ৬৯টি ব্লকনেটনেমেন্ট জোন রয়েছে। আজ চূড়াইবাড়ি দিয়ে বিকলে ৫টা পর্যন্ত ৫০৫ জন রাজ্যে এসেছেন।

## কৃষকদের

●**প্রথম পাতার পর**
বন্যহাজারি তাণ্ডবে এলাকা ছেড়ে অন্যত্র চলে যাওয়ার চিন্তাভাবনা করছেন বলেও স্থানীয় একটি সূত্রে জানা গেছে। ওইসব এলাকায় ক্ষতিগ্রস্ত গ্রামবাসীদের অভিযোগে বন্যহাজারি তাণ্ডবে ক্ষতিগ্রস্ত এলাকার মানুষজন সরকারের কাছ থেকে পর্যাণ্ড সাহায্য পাচ্ছে না। ফলে তারা আরো অসহায় হয়ে পড়ছে।

## জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ

**পাচের পাতার পর**
বালেশ্বর আগরওয়াল হিন্দি সাংবাদিকতার ক্ষেত্রে সংবাদ সংস্থার ভূমিকাতেও নতুন মাত্রা এনে দিয়েছেন। হিন্দুস্থান সমাচারের আগে দেশের সমস্ত পত্রিকা ইংরেজি সংবাদ সংস্থার উপর নির্ভরশীল ছিল। এই সংস্থাগুলি ভারতে কাজ করা সত্ত্বেও, বেশিরভাগ সংবাদের জন্য তাদের বিদেশী সংবাদ সংস্থার উপরও নির্ভর করতে হয়েছিল। বালেশ্বরের আগরওয়ালের চূড়ান্ত শৃঙ্খলা মেনে চলাতেন। অনেক সময় তার আচরণ অসহনীয় বলে মনে হলেও তাঁর মন বহু পরিম্ভার ছিল। তবে তিনি কখনও কারও প্রতি নিজের মনে কোনও খারাপ চিন্তাভাবনা আনেননি নি। তিনি নির্ধারিত সময়ের মধ্যে তাঁর সমস্ত কাজ শেষ করতেন। এমনকি কিছুটা বিলম্বও তাকে বিস্বস্ত করত। বিপর্যয়ের পরিস্থিতিতে যখন প্রতিটি ব্যক্তি নিজদের নিয়ে ব্যস্ত থাকতেন , তখন বালেশ্বের জী কোনও কারণ ছাড়াই তাঁর কাজটি করতেন। দেশের শীর্ষস্থানীয় নেতাদের সাথে তাঁর খুব ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। তবে এর থেকে কখনও কোনও সুবিধা নেওয়ার উদাহরণ তাঁর ছিল না।

উস্কর এলএম সিংতীর সভাপতিত্বে প্রবাসী ভারতীয়দের জন্য ২০০০ সালের সেক্টেশ্বর মাসে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছিল যেে কমিটিতে ছিলেন, আরএল ভাটিয়া, জেআর হিরমণ, বালেশ্বর আগরওয়াল এবং বিদেশমন্ত্রন মন্ত্রকের সচিব জে সি শর্মা। এই কমিটি ২০০২ সালের ৮ সেক্টেশ্বর পূর্ণ প্রতিবেদনে হস্তান্তর করার আগে তিনটি অন্তর্বর্তীকালীন প্রতিবেদন জমা দেয় যোখানে ভারতীয় বংশোদ্ভুত লোকদের জন্য কার্ড প্রকল্পের পাশাপাশি প্রবাসী ভারতীয় দিবস উদযাপন করার কথা বলা হয়। তৃতীয় প্রতিবেদনে বলা হয়েছে যে প্রবাসী ভারতীয় সম্মান পুরস্কার দেওয়া উচিত। এই কমিটি যে চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়েছিল সেখানে ১৬০টি বিভিন্ন সুপারিশ করা হয়েছিল। এর মধ্যে বিমানবন্দরগুলির অবস্হার উন্নতি কথা অন্তর্ভূক্ত ছিল। এই প্রতিবেদনে এটাও সুপারিশ করা হয়েছিল যে, বিদেশী ভারতীয় এবং ভারতীয় বংশোদ্ভুত লোকদের সাথে বিবাহিত আইনীদের শোষণ সম্পর্কে একটি বিশেষ শাখা প্রতিষ্ঠার, সাবেক বিনামূল্যে মহিলাদের পরিষর্কও দেওয়া যায়। বিজয় পাত্রকে সেই সময়ের বিবাহিক অবস্থা সম্পর্কে একটি হলকনামা দিতে হবে।

বিদেশে শ্রমিক হিসাবে কাজ করা ভারতীয়দের স্বার্থরক্ষার উপর জোর দেওয়া হয় এই প্রতিবেদনে, মূলত থাকেনৈ জনা যোজনার বিষয়টি এই প্রতিবেদনের অন্তর্ভূক্ত করা হয়েছিল। এর থেকে এটা স্পষ্ট হয় যে, বালেশ্বর আগরওয়াল কতটা সুস্বাস্থিভিত্তী ছিলে কোনও বিষয়কে দেখেন্তেন এবং সম্প্রস্যাগুলি থেকে বেহওয়ার উপায় বের করতেন। এই কমিটি তার প্রতিবেদনে আরও বলেছিল যে, ভারতের সংস্কৃতি বিষয়ক কাউন্সিলের উচিত ভারতীয় বংশোদ্ভুত মানুষের সাথে সম্পর্কের সূত্রটি আরও দৃঢ় করা। ছটির সময় ছাত্রদের মধ্যে আদান-প্রদান অনুষ্ঠান হওয়া উচিত। অন্যান্য দেশে আইআইটি, আইআইএম এবং অন্যান্য মেডিকেল কলেজগুলির শাখা খোলারও প্রস্তাব দেওয়া হয়েছিল। তাঁর সমাজসেবার অনুভূতি দেখে প্রয়াত প্রাক্তন বিদেশমন্ত্রী সুরমা স্বরাজ যোগ্য করেছিলেন যে মরিশাসের ‘ওয়াল্ড হিল্ড সচিবালয়’ ভবনের গ্রন্থাগার ভবনের নামকরণ করা হবে ‘বালেশ্বর অগ্রওয়াল গ্রন্থাগার’ এবং ‘নির্দিষ্ট সময়ে গ্রন্থাগারের নামকরণ করা হয় এই দেশেবী মহামনীষীর নামে।

এটি বলা ভুল হবে না যে, বিস্বৃজুড়ে বিপুল সংখ্যক লোক রপিয়েছে যারা তাঁর প্রতি শ্রদ্ধা দেখায়। তাদের মধ্যে একজন মরিশাসের রাষ্ট্রা সেলা প্রেমচাঁদ বুঝাওয়ান, যিনি বালেশ্বর অগ্রবাল গ্রন্থাগারের পরামর্শ দিয়েছেন। এর থেকে বোঝা যায় যে মাহুদের মধ্যে তাঁর প্রতি কত শ্রদ্ধা ছিল। কতটা বিশ্বাস ছিল। ২০১৩ সালে, যদিও তিনি মানব দেহে আমাদের সকলকে বিচ্ছেদ চলে গেছেন কিন্তু রেখে গেছেন, তাঁর আশা, তাঁর চিন্তাভাবনা যা এই দেশে এবং বিশ্বেকে যুগ যুগ ধরে পথ দেখিয়ে যাবে। তাঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর মহান আত্মার গুণাবলী স্মরণ একটি নতুন পথের দিশা দেয় এবং দেশ ও সমাজের জন্য কিছু করার অনুপ্রেরণা সরিয়ে দেয়। দেখে মনে হচ্ছে আজও তিনি আমাদের মধ্যে রয়েছেন এবং আমাদের পথ দেখান্ন্যাকে সন্ত শত নমন।

(লেখক হিন্দুস্থান সমাচারের সাথে জড়িত।)

# পৃষ্ঠা ৬

## আগরতলায়

●**প্রথম পাতার পর**
হয়েছিল বলে পুলিশের কাছে দাবি করেন। পুলিশ তাদেরকে ব্যক্তিগত জামিনে মুক্তি দিখে বাধ্য হয়। এই ঘটনায় পুলিশ হেটলেে কর্তৃপক্ষের বিরুদ্ধে তদন্ত শুরু করেছে। এ অভিযানের খবর জানাজানি হতেই বিভিন্ন মহলে ব্যাপক চাঞ্চল্য এবং কৌতূহল সৃষ্টি হয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য ইতিপূর্বেও একবার রাজধানীর আন্ধা সাহা সং নামি কিছু হোটেল এবং রেস্টুরেণ্টে সেক্স রেকর্ডের সন্ধান পেয়েছিল পুলিশ।

অভিযোগ রাজধানীতে এখন বিলাতি মদের মতই সহজলভ্য হয়ে উঠছে লাসামরী রমণীরা। ফেসবুক ,হোয়াটসঅ্যাপ এসবসব সামাজিক মাধ্যমের পাশাপাশি গুগলে সার্চ করে অনলাইনে আগরতলায় বুকিং করা যাচ্ছে পছন্দসই মহিলা সঙ্গী। নাবালিকা, সাবালিকা, গৃহবধূ থেকে শুরু করে সরকারি বিভিন্ন দপ্তরের উচ্চপদে কর্মরত মহিলাদেরও অর্থের বিনিময়ে শয্যাসঙ্গী করা যাচ্ছে। বয়স, চেহারা এবং পেশাগত পরিচয়ের ভিত্তিতে ধার্য হচ্ছে ভোগ্য মূল্য। সূত্রের খবর অনলাইনে বুকিং নেওয়ার পর পছন্দসই ঠিকানায় যখনকে সন্তুষ্ট করতে চলে যাচ্ছেন পেশাদার যৌনকর্মীরা। অধিকাংশ ক্ষেত্রেই এজেন্ট এর মাধ্যমে পরিচালিত হচ্ছে রাজধানীর ঘেটা রাস্টে।

## সংঘর্ষ

●**প্রথম পাতার পর**
অন



## এভাবে খেললে চ্যাম্পিয়ন্স লিগেও হারব: মেন্সি



বার্সেলোনা যে তাদের চিরচেনা দাপুটে রূপ হারাতে বসেছে, অনেক আগেই বুঝতে পেরেছিলেন লিওনেল মেসি। অধিনায়ক তাগিদ দিয়েছিলেন খেলায় উন্নতি করার, নইলে হাতছাড়া হয়ে যাবে লা লিগার মুকুট। ফলে গেছে সময়ের অন্যতম সেরা ফুটবলারের কথা। এবার চ্যাম্পিয়ন্স লিগ নিয়ে নিজের ভাবনার কথা জানালেন। মনে করিয়ে দিলেন, এভাবে চলতে থাকলে সেখানেও হারের বিঘ্ন তাদের সঙ্গী হবে। লা লিগায় বৃহস্পতিবার বার্সেলোনা ও রিয়াল মাদ্রিদ নেমেছিল ভিন্ন ভিন্ন লক্ষ্য নিয়ে। জিতলেই চ্যাম্পিয়ন-এই সমীকরণ রিয়াল মিলিয়ে নিয়েছে ভিয়ারিয়ালকে ২-১ গোলে

হারিয়ে। অন্যদিকে, নিজেদের মাঠে ওসাসুনার বিপক্ষে একই ব্যবস্থানে হেরে গেছে বার্সেলোনা। লিগের মুকুট খোঁয়ানো বার্সেলোনার সামনে এখন শিরোপা বলতে বেঁচে আছে চ্যাম্পিয়ন্স লিগ ফিরে পাওয়া। আগামী অগাস্টে শেষ ষোলোর ফিরতি লেগে নাপোলির মুখোমুখি হবে কিক সেভিয়েনের দল। প্রথম পর্বে ইতালির দলটির মাঠ থেকে ১-১ ড্র নিয়ে ফিরেছিল বার্সেলোনা। প্রথম লেগের ড্র এবং একটি মূল্যবান অ্যাওয়ার্ডে গোল থাকায় সুবিধাজনক অবস্থায় আছে বার্সেলোনা। কিন্তু পুনরায় শুরু হওয়া লা লিগায় নিজেদের ছন্দহীন খেলা দেখে শঙ্কিত মেন্সি। “আমরা যদি এভাবেই চলতে থাকি, তাহলে

চ্যাম্পিয়ন্স লিগে নাপোলির কাছে হারব। আমি অনেকেবর বলেছি যে, যদি আমরা এভাবে খেলি, তাহলে লা লিগা জিততে পারব না এবং একই কথা চ্যাম্পিয়ন্স লিগের বেলায়ও হবে।” করোনানাভাইরাসের খাবায় লিগ স্থগিত হয়ে যাওয়ার সময়ও রিয়ালের চেয়ে ২ পয়েন্ট এগিয়ে ছিল বার্সেলোনা। কিন্তু পরে পথ হারিয়ে দ্বিতীয় স্থানে নেমে যাওয়া কাতালুনিয়ার দলটি পারেনি চিরপ্রতিদ্বন্দ্বীদের উপকণ্ঠে। এল চিরিওইতোকে দেওয়া সাফল্যকারে মেন্সি জানান লিগের এমন সমাপ্তি আশা করেননি তিনি। “মৌসুমটা এভাবে শেষ হবে, আমরা আশা করিনি। কিন্তু মৌসুমজুড়ে আমাদের বেলায়

সেটাই হলো। দুর্বল প্রতিপক্ষের বিপক্ষে এবং গুরুত্বপূর্ণ সময়ে অধরাবাহিক থাকার কারণে আমরা অনেক অনেক বেশি পয়েন্ট হারিয়েছি।” “আমরা ক্ষুধ্র। সমর্থকরা ক্ষুধ্র। কেননা, আমরা তাদেরকে কিছু দিচ্ছি না এবং তারা অধৈর্য হয়ে পড়েছে।” এখন খেলোয়াড় এবং ক্লাবের আত্মসমালোচনায় বসে পথ খুঁজে বের করার সময় বলেও মনে করেন মেন্সি। “অবশ্যই আমাদের আত্মসমালোচনা করতে হবে। খেলোয়াড় এবং ক্লাব উভয়কেই। চ্যাম্পিয়ন্স লিগ শুরুর আগে আমাদের হাতে সময় আছে এবং অবশ্যই আমাদের যুঁবে দাঁড়াতে হবে এবং পরিবর্তন আনতে হবে।”

## বার্সেলোনায় নিজের ভবিষ্যৎ নিয়ে অনিশ্চিত সেভিয়েন

লিগ শিরোপা হাতছাড়া হয়ে গেছে। চ্যাম্পিয়ন্স লিগের আশা অবশ্য এখনও টিকে আছে। তবে, দলের সাদামাটা পারফরম্যান্সে তুমুল সমালোচনার মুখে পড়েছেন বার্সেলোনার কোচ কিক সেভিয়েন। এমন প্রতিকূল অবস্থায় আগামী মাসে ইউরোপ সেরা প্রতিযোগিতায় কাতালান ক্লাবটির ডাগআউটে থাকবেন কি-না, নিশ্চিত নয় মাস আগে দলটির দায়িত্ব নেওয়া। এই স্প্যানিয়ার্ড নিজেদের মাঠে বৃহস্পতিবার ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে এক ম্যাচ বাকি থাকতে লিগ শিরোপা পুনরুদ্ধার করে রিয়াল মাদ্রিদ। একই সময়ে শুরু হওয়া আরেক ম্যাচে ক্যাম্প নউয়ে ওসাসুনার বিপক্ষে ২-১ গোলে হারে আগের দুই আসরের চ্যাম্পিয়ন বার্সেলোনা (আগামী ৮ অগাস্ট, চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর ফিরতি পর্বে নিজেদের মাঠে নাপোলির মুখোমুখি হবে সেভিয়েনের দল। গত ফেব্রুয়ারিতে সান সিরোয় প্রথম লেগের ম্যাচটি ১-১ ড্র হয়েছিল ফিরতি পর্বে এই ম্যাচে বার্সেলোনার ডাগআউটে থাকবেন কি-না, এমন প্রশ্নের জবাবে অনিশ্চয়তার সুর শোনা গেল সেভিয়েনের কাছে। “আশা করছি



থাকব, তবে আমি জানি না।” ওসাসুনার বিপক্ষে হারের পর লিওনেল মেসি বলেন, দলের সবাইকে এখন নিজেদের ভুলগুলো নিয়ে ভাবতে হবে। অধিনায়কের সঙ্গে একমত কোচ। “আত্মসমালোচনার মতো কিছু বিষয়ে আমি মেন্সির কথার সঙ্গে একমত।” সেভিয়েনের বিশ্বাস, এখনও চ্যাম্পিয়ন্স লিগে তাদের ভালো সম্ভাবনা আছে। তবে নিজের ভবিষ্যৎ তার হাতে নেই। “আমার বিশ্বাস, আমরা ভিন্ন একটি দল হতে যাচ্ছি,

মানসিকভাবে শক্তিশালী দল। আত্মবিশ্বাসের চূড়ায় থেকেই চ্যাম্পিয়ন্স লিগে মাঠে নামব।” চলতি মৌসুমে লিগ শিরোপা জয়ের দৌড়ে অনেকটা সময় পর্যন্ত এগিয়ে ছিল বার্সেলোনা। করোনানাভাইরাসের প্রাদুর্ভাব গত মার্চে খেলা বন্ধ হওয়ার আগে শীর্ষে ছিল তারা। ২ পয়েন্টে পিছিয়ে দ্বিতীয় স্থানে ছিল রিয়াল কিন্তু অনাকাঙ্ক্ষিত বিরাতির পর থেকে ধুকতে দেখা যাচ্ছে বার্সেলোনাকে। এই সময়ে ১০ ম্যাচের মধ্যে তারা জিততে

পেরেছে কেবল ৩টি। অন্যদিকে, রিয়াল টানা ১০ ম্যাচ জিতে নিশ্চিত করেছে শিরোপা। সেভিয়েন মনে করেন, চিরপ্রতিদ্বন্দ্বীদের মতো ভাগ্যের সহায়তা তারা পাননি। “তারা ১০ ম্যাচের সবগুলো জিতেছে এবং আমরা পয়েন্ট হারিয়েছি। কিছু ম্যাচে আমাদের জয় প্রাপ্য ছিল। আবার যেমন, আতলেতিকো মাদ্রিদের বিপক্ষে ড্রটা যথার্থ ছিল। কিছু জেতার জন্য যে ভাগ্য লাগে, সেটা আমাদের ছিল না। আমাদের প্রতিদ্বন্দ্বীদের (রিয়ালের) ছিল।”

## লা লিগা চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ



প্রস্তুত মঞ্চে আলো ছড়ালো রিয়াল মাদ্রিদ। শেষ দিকে কিছুটা ভুগতে হলেও কাল্পিত জয় তুলে নিল জিনেদিন জিদানের দল। দুই বছর পর লা লিগা শিরোপা জয়ের আনন্দে ভাসলো স্পেনের সফলতম দলটি। কঠোর পরিশ্রমের ফল পাওয়ার তৃপ্তি রামোসের রিয়ালে প্রতি ১৯ ম্যাচে ১ শিরোপা কোচ জিদানের। সব ম্যাচ জয়ের আত্মবিশ্বাস। ছবি: কোচের আনন্দে দো দে স্তেফানো স্টেডিয়ামে বৃহস্পতিবার ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে উৎসবে মেতে ওঠে জিদানের দল। শিরোপা জয়ের ম্যাচে নায়ক করিম বেনজেনা; দুই অর্ধে করেন একটি করে গোল। শেষ দিকে ব্যবধান কমান ইবোরা। প্রতিযোগিতার ইতিহাসে রেকর্ড চ্যাম্পিয়ন রিয়ালের এটি ৩৪তম শিরোপা। এর আগে ২০১৬-১৭ মৌসুমে শেষবার লিগের মুকুট পরেছিল তারা। আক্রমণাত্মক শুরু করা রিয়াল প্রথম সাত মিনিটে ভালো দুটি আক্রমণ করে; তবে সাফল্য মেলেনি। তৃতীয় মিনিটে দানি কারভাহালের দুর্বল লবের চার মিনিট পর লুকা মক্টিচও দুর্বল শট নেন। খানিক পর লক্ষ্যবস্ত্র শটে হতাশ করেন বেনজেনাও। ১২৯তম মিনিটে গোলের দেখা পায় রিয়াল।

মাঝামাঝে প্রতিপক্ষের পাস ধরে কাসেমিরো বাড়ান সামনে। মক্টিচ বল ধরে একটি এগিয়ে ডান দিকে বাড়ান বেনজেনা। প্রতিবাদ জানায় সফরকারীরা। অবশ্য রামোসের ঢোকারণ আগেই বেনজেনা ডি-বক্সে ঢুকে পড়ায় আবার পেনাল্টি শট নিতে হয় রিয়ালকে। এবার আর কোনো বাড়তি ঘটনা নয়, নিচু শটে আসরে নিজের ২১তম গোলটি করেন ফরাসি ফরোয়ার্ড। চার মিনিট পর তারা পেতে পারতো আরেক গোল। কিন্তু টনি ক্রুসের দূর পাল্লার জেরালো শট ক্রুসবারে বাধা পায়। ৮৩তম মিনিটে ডান দিক থেকে সতীর্থের ক্রসে হেডে ইবোরার ঠিকানা খুঁজে পেলে নাটকীয়তার সম্ভাবনা জাগে। ব্যবধান কমিয়ে উজ্জীবিত হয়ে ওঠে ভিয়ারিয়াল। ৮৮তম মিনিটে সমতাও টানতে পারতো তারা; তবে মুহূর্তের ব্যবধানে দুটি সুযোগ হারায় দলটি যোগ করা সময়ে জালে বল পাঠিয়েছিলেন মার্কো অসেনিসিও। তবে তাকে পাস দেওয়া বেনজেনার হাতে বল লাগায় ডিআরোর সাহায্যে হ্যান্ডবলের বর্ষা বিজ্ঞান রেকর্ড (অবশ্য ব্যবধান না বাড়লেও শিরোপা উদ্ধাসে কোনো ভাগ পেড়নি রিয়ালের

শেষ বর্ষা বিজ্ঞান সঙ্গে সঙ্গে শুরু হয়ে যায় উদ্দামপন। ডাগআউট থেকে ছুটে যান রিয়ালের সাফল্যের কারিগর কোচ জিদান। ফরাসি কিংবদন্তির কোচিংয়ে এই নিয়ে একাদশ শিরোপা জিতল ইউরোপের সফলতম ক্লাবটি। প্রথম মেয়াদে ৯টি; আর এবার দুটি। গত জানুয়ারিতে স্প্যানিশ সুপার কাপ জিতেছিল তারা। করোনানাভাইরাস বিরাতির পর পুনরায় মাঠে গড়ানো লিগে শুরু হতে বার্সেলোনার চেয়ে ২ পয়েন্ট পিছিয়ে ছিল রিয়াল। ‘নতুন রূপে’ ফেরা লিগে তারাও যেন ফেরে নতুন চেহারায়; ১০ ম্যাচ খেলে সবকটিতেই জিতল দলটি। ৩৭ ম্যাচে ২৬ জয় ও আট ড্রয়ে তাদের পয়েন্ট ৮৬। একই সময়ে ক্যাম্প নউয়ে শুরু হওয়া ম্যাচে ওসাসুনার বিপক্ষে ২-১ গোলে হেরে গেছে বার্সেলোনা। আসরে এটি তাদের ষষ্ঠ পরাজয়। ২৪ জয় ও সাত ড্রয়ে কাতালান ক্লাবটির পয়েন্ট ৭৯। গেরোনায়ের মাঠে ২-০ গোলে জেতা আতলেতিকো মাদ্রিদ ৬৯ পয়েন্ট নিয়ে আছে তিনে। ২ পয়েন্ট কম নিয়ে চতুর্থ স্থানে আছে সেভিয়া। আগামী মৌসুমে এই চার দল খেলবে চ্যাম্পিয়ন্স লিগে।

## এএফসির ‘সেরা পাঁচে’ জীবনের গোল

ফ্লিক, ট্রিকস ও ব্যাকহিল-এই তিন ক্যাটাগরিতে এএফসি কাপের সেরা পাঁচ গোলের তালিকায় ঊঁই পেয়েছে আবাহনী লিমিটেডের ফরোয়ার্ড নাবীব নেওয়াজ জীবনের গোল। এফসি কাপের গত কয়েক বছরের গোলগুলো এই তিন ক্যাটাগরিতে বিবেচনায় নিয়েছে এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি)। ২০১৯ সালের ১৭ এপ্রিলে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ভারতের দল মিনেরভা পাঞ্জাবের বিপক্ষে করা জীবনের গোলটি আছে তালিকায়। ২-২ ড্র হওয়া সেই ম্যাচের ২০তম মিনিটে গোলটি করেছিলেন জীবন। হাইতির ফরোয়ার্ড কেরভেন ফিলস বেলফোর্টের ব্যাকহিলে তার নির্খুঁ ফ্লিক চোখের পলকে খুঁজে নিয়েছিল জাল। এই গোলেই প্রথম দফায় সমতায় ফিরেছিল ঘরোয়া ফুটবলের ঐতিহ্যবাহী দল আবাহনী। এই তালিকায় আছে উজবেকিস্তানের দল নাসাফের হয়ে ২০১১ সালের এএফসি কাপে করা লাটভিয়ার ফরোয়ার্ড আন্দ্রেইস পেরের পেলাতকিনস,



ইরাকের দল আরবিলের হয়ে ২০১২ সালে করা আমজাদ রাখির গোল। তালিকার বাকি দুটি হলো, জর্ডানের দল আল ওয়েহদাতের

হয়ে ২০১৯ সালে করা বাহা ফয়সাল ও সিদ্দাপুরের দল হোম ইউনাইটেডের হয়ে করা ফাহিজ নুরের গোল। এই তিন

ক্যাটাগরির মধ্যে সেরা গোল নির্বাচনের জন্য আগামী ২৩ জুলাই পর্যন্ত ভোট দিতে পারবেন ফুটবলপ্রেমীরা।

## চ্যাম্পিয়ন্স লিগ জয়ের চেয়ে বেশি আনন্দ হচ্ছে জিদানের!

ইউরোপ সেরা আসরে দারুণ আলো ছড়ালো লা লিগায় কিছুটা মলিন ছিল রিয়াল মাদ্রিদ। লিগ শিরোপা জয়ের পর তাই জিনেদিন জিদান ভাসছেন অনারকম আনন্দে। দলটির কোচ জানালেন, চ্যাম্পিয়ন্স লিগের চেয়ে লিগ শিরোপা জয় তার কাছে বেশি গুরুত্বপূর্ণ। আলফ্রেদো দি স্তেফানো স্টেডিয়ামে বৃহস্পতিবার করিম বেনজেনার জোড়া গোলে ভিয়ারিয়ালকে ২-১ ব্যবধানে হারিয়ে লা লিগার শিরোপা পুনরুদ্ধার করে রিয়াল। প্রতিযোগিতার ইতিহাসে রেকর্ড চ্যাম্পিয়ন রিয়ালের এটি ৩৪তম শিরোপা এবং ২০১৭ সালের পর প্রথম রিয়াল কোচ হিসেবে

টানা তিনটি চ্যাম্পিয়ন্স লিগ জেতা জিদান লা লিগায় পেলেন দ্বিতীয় শিরোপার স্বাদ। ২০১৬-১৭ মৌসুমে প্রথম লিগ শিরোপা জিতেছেন জিদান। তার অধীনে ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ মৌসুমের

চ্যাম্পিয়ন্স লিগ জিতেছিল মাদ্রিদের দলটি। এছাড়া দুটি করে স্প্যানিশ কাপ, উয়েফা সুপার কাপ ও ফিফা ক্লাব ওয়ার্ল্ড কাপ জিতেছেন জিদান।

**বিজ্ঞপ্তি**  
গত ১০ই এবং ১৫ই জুলাই, ২০২০ ইং তারিখের স্থানীয় সংবাদ পত্রিকায় আগামী ২১শে জুলাই, ২০২০ ইং (মঙ্গলবার) তারিখে রাজ্যের সমস্ত ভিলেজ কমিটি/গ্রাম পঞ্চায়েতগুলিতে একটি বিশেষ গ্রাম সভার আয়োজন করার জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। মুখ্যসচিবের কার্যালয় থেকে গত ১৪-০৭-২০২০ ইং তারিখে জারি করা আদেশমূলে (No.F.2(1)CS/Home/2020) ১৭-০৭-২০২০ ইং তারিখ থেকে ২৩-০৭-২০২০ ইং তারিখ পর্যন্ত রাজ্যের ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় সম্পূর্ণ লকডাউন জারি হওয়ার কারণে উক্ত বিশেষ গ্রাম সভার আয়োজন স্থগিত রাখা হল। এই ক্ষেত্রে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকার ভিলেজ কমিটি/গ্রাম পঞ্চায়েতে বসবাসকারী এম জি এন রেগার জবকাউন্সিলারদের আবেদন গ্রহণ করার তারিখ ০১শে জুলাই, ২০২০ ইং পর্যন্ত বর্ধিত করা হয়েছে।  
খনাবাদান্তে অতিরিক্ত সচিব গ্রামোন্নয়ন দপ্তর

